

WE ARE YOUR DOL

NEW YORK
STATE OF
OPPORTUNITY
Department
of Labor

ফেয়ার প্লে অ্যাক্ট নিউইয়র্ক স্টেট কন্সট্রাকশন ইন্ডাস্ট্রি

দ্য নিউ ইয়র্ক স্টেট কন্সট্রাকশন ইন্ডাস্ট্রি ফেয়ার প্লে অ্যাক্ট অক্টোবর 26, 2010 সালে কার্যকরী হয়। একজন কর্মী কন্সট্রাকশন ইন্ডাস্ট্রি তে একজন কর্মচারী নাকি স্বাধীন কন্সট্রাকটর তা নির্ধারণ করতে এই আইন একটি নতুন মানদণ্ড সৃষ্টি করে থাকে। এটি সেই সমস্ত নিয়োগকর্তাদের জন্য শাস্তির ব্যবস্থা করে যারা তাদের কর্মচারীদের যথাযথ শ্রেণীবিভাগ করতে ব্যর্থ হয়।

অধ্যয়নগুলি থেকে জানা যায় যে New York State-এ হয়তো 15 থেকে 25 শতাংশ কন্সট্রাকশন কর্মীদের বেঠিক শ্রেণীবদ্ধ করা হয়েছে। কর্মীদের বেঠিক শ্রেণীবদ্ধ করার মত ঘটনাগুলি ঘটে যখন নিয়োগকর্তারা যে সমস্ত কর্মীকে কর্মচারী হিসাবে বিবেচনা করা উচিত তাদেরকে স্বাধীন কন্সট্রাকটর হিসাবে বিবেচনা করে থাকেন অথবা সেইসব কর্মীরা যারা তাদের অধীনে কাজ করেন না (“হিসেবের বাইরে” তাদেরকে অর্থপ্রদান করে থাকেন)।

নতুন মান

আইন এটি ধরে নেয় যে সমস্ত ব্যক্তির একজন নিয়োগকর্তার জন্য কাজ করছেন তারা কর্মচারী যদি না তারা নিম্নের সমস্ত নির্নায়ক পূরণ করেন। এই সমস্ত ব্যক্তিদের অবশ্যই হতে হবে:

1. কাজটি সম্পাদন করার জন্য নিয়ন্ত্রণ এবং নির্দেশ থেকে মুক্ত, উভয় চুক্তির অধীনে এবং বাস্তবে।
2. কোম্পানির জন্য সাধারণ কাজের বাইরে অন্যান্য পরিষেবা সম্পাদন করা।
3. একটি স্বাধীনভাবে প্রতিষ্ঠিত শিল্প, জীবিকা অথবা ব্যবসায় এটি তাদের সম্পাদিত পরিষেবার সঙ্গে একই রকম।

আলাদা ব্যবসার অস্তিত্ব

এছাড়াও এই আইনের অধীনে আছে একটি 12-অংশ পরীক্ষা যা নির্ধারণ করবে কখন একজন একক মালিক, পার্টনারশিপ, কোঅপারেশন অথবা অন্যান্য অস্তিত্বকে একটি “আলাদা ব্যবসায়িক অস্তিত্ব” হিসাবে বিবেচনা করা হবে সেই কন্সট্রাকটর এর থেকে যার জন্য এটি একটি পরিষেবা প্রদান করছেন। যদি একটি অস্তিত্ব এই সমস্ত 12 টি নির্নায়ক এর শর্ত পূরণ করে, এটিকে একজন কন্সট্রাকটরের কর্মচারী হিসাবে বিবেচনা করা হবেনা। বরং এটি একটি আলাদা ব্যবসা হবে যার নিজের কর্মচারীদের ক্ষেত্রে এই নতুন আইন প্রযোজ্য হবে। এই ফ্যাক্ট শিটের পিছনের পাতায় একটি আলাদা ব্যবসায়িক অস্তিত্বের জন্য 12 টি নির্নায়ক নথিভুক্ত আছে।

আওতাভুক্তি

এই আইন কন্সট্রাকশন ইন্ডাস্ট্রির সমস্ত কন্সট্রাকটরদের জন্য প্রযোজ্য। যে কোন বিল্ডিং অথবা গঠনের নির্মাণ, পুনঃনির্মাণ, পরিবর্তন, রক্ষণাবেক্ষণ, স্থান পরিবর্তন, পুনর্বাসন, মেরামত, সংস্কার অথবা ধ্বংস অথবা জমির উন্নয়ন অথবা জমির খনন সম্পর্কিত বা জমির অন্যান্য উন্নয়ন বা উন্নতিকরণ সম্পর্কিত কন্সট্রাকশনের অন্তর্গত হিসাবে সংজ্ঞায়িত করা হয়।

এজেলির আওতাভুক্ত

কর্মসংস্থান নির্ধারণ করার জন্য নতুন মান শ্রম আইনের (অন্তর্গত কর্মী মান, প্রচলিত মজুরি আইন এবং বেকার বিমা) অধীনে এবং কর্মী ক্ষতিপূরণ আইনের অধীনে নির্ধারণের জন্য প্রযোজ্য। এটি নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স আইনের অধীনে নির্ধারণের ক্ষেত্রে প্রযোজ্য নয়। নিউ ইয়র্ক রাজ্য কর এবং অর্থ বিভাগ কর্মসংস্থানের অবস্থা নির্ধারণ করার জন্য এটির বিদ্যমান মানগুলিকে মেনে চলা অব্যাহত রাখবে। নতুন আইনের দ্বারা প্রদান করা শাস্তিগুলি প্রযোজ্য হবে শ্রম আইন, কর্মী ক্ষতিপূরণ আইন এবং নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স আইনের অধীনে ডুল শ্রেণীবিভাগ নির্ধারণ করার জন্য।

শাস্তিগুলি

একজন নিয়োগকর্তা যিনি তার কর্মীদের যথাযথভাবে শ্রেণীবিভাগ করতে ব্যর্থ হয়ে ফেয়ার প্লে আইন ভঙ্গ করছেন, তাকে প্রতিটি ডুল শ্রেণীবিভাগকৃত কর্মচারীর জন্য \$2,500 পর্যন্ত জরিমানা করে দেওয়ানি শাস্তি দেওয়া হবে প্রথম আইন ভঙ্গের ক্ষেত্রে এবং পাঁচ বছরের মধ্যে দ্বিতীয় আইন ভঙ্গের ক্ষেত্রে প্রতিজন ডুল শ্রেণীবিভাগকৃত কর্মীর ক্ষেত্রে \$5,000 পর্যন্ত জরিমানা হবে।

নিয়োগকর্তার বিরুদ্ধে হয়তো ফৌজদারি মামলা চালানো যায় (একটি অপকর্ম) আইন ভাঙার জন্য যার ফলে জরিমানা সহ 30 দিন পর্যন্ত জেল হতে পারে, \$25,000 পর্যন্ত জরিমানা হতে পারে এবং প্রথম অপরাধের জন্য এক বছরের জন্য সরকারী কাজ থেকে তাকে বাদ দেওয়া যেতে পারে। পরবর্তী অপকর্ম জাতীয় অপরাধ 60 দিন পর্যন্ত জেল দ্বারা শাস্তিযোগ্য হবে, \$50,000 পর্যন্ত জরিমানা এবং পাঁচ বছর পর্যন্ত সরকারী কাজ থেকে বাদ দেওয়া হতে পারে।

এছাড়াও কর্মীর ভুল শ্রেণীবিভাগের কারণে হওয়া শ্রম আইন, কর্মীর ক্ষতিপূরণ আইন এবং ট্যাক্স আইনের থেকে হওয়া যে কোন বিদ্যমান শাস্তি, কর এবং ক্ষতিপূরণ এর জন্য নিয়োগকর্তা দায়ী থাকবেন। কর্পোরেট অফিসার এবং কিছু নির্দিষ্ট শেয়ারহোল্ডাররা যখন তারা জেনে শুনে এই লঙ্ঘন ঘটতে দিয়েছেন, তার জন্য হয়তো ব্যক্তিগতভাবে এই আইনের অধীনে জরিমানা এবং শাস্তির জন্য দায়ী থাকবেন।

পোস্টিং

কন্ট্রাকশন ইন্ডাস্ট্রির নিয়োগকর্তাদের অবশ্যই এই ফেয়ার প্লে আইনের ব্যাপারে একটি নোটিশ কাজের জায়গায় একটি সুস্পষ্ট এবং সুগম স্থানে পোস্ট করতে হবে। এই প্রয়োজনীয় নোটিশটি শ্রম বিভাগের ওয়েবসাইটে উপলব্ধ আছে। নোটিশ পোস্ট করতে ব্যর্থ হলে তার শাস্তি প্রথম অপরাধের ক্ষেত্রে \$1,500 পর্যন্ত এবং দ্বিতীয় অপরাধের ক্ষেত্রে \$5,000 পর্যন্ত।

আমাদের সঙ্গে যোগাযোগ করুন

যদি ফেয়ার প্লে আইনের ব্যাপারে আপনার কোন প্রশ্ন থাকে অথবা যদি আপনি কর্মীর ভুল শ্রেণীবিভাগ সন্দেহ করে রিপোর্ট করতে চান, শ্রম আইনের বিভাগকে কল করুন টোল ফ্রি নাম্বারে **866-435-1499** তে অথবা আমাদের ই-মেল করুন dol.misclassified@labor.ny.gov.

ফেয়ার প্লে আইনের সম্পূর্ণ পাঠ্য বিভাগের ওয়েবসাইটে www.labor.ny.gov ঠিকানায় দ্রষ্টব্য।

নিউ ইয়র্ক রাজ্য শ্রম বিভাগের ব্যাপারে আরও জানতে দেখুন www.labor.ny.gov.

আলাদা ব্যবসায়িক অস্তিত্ব পরীক্ষা

যে ব্যবসায় তারা পরিষেবা প্রদান করছে তার থেকে একটি আলাদা ব্যবসায়িক অস্তিত্ব হিসাবে বিবেচিত হওয়ার জন্য একটি একক মালিক, পার্টনারশিপ, কোঅপারেশন অথবা অন্যান্য অস্তিত্বকে অবশ্যই হতে হবে:

1. তারা এই পরিষেবা প্রদান করবে যেখানে কিভাবে বা কি উপায়ে এই পরিষেবা প্রদান করা হবে সেই ব্যাপারে কনট্রাক্টরের নির্দেশ এবং নিয়ন্ত্রণ থাকবেনা শুধুমাত্র অভিপ্রেত ফলাফল কনট্রাক্টর নির্দিষ্ট করে দেওয়ার অধিকার রাখবেন।
2. কনট্রাক্টরের সঙ্গে কাজ শেষ হয়ে গেলে এটি বাতিল হবেনা।
3. এর মধ্যে প্রকৃত একটি উল্লেখযোগ্য পরিমাণ মূলধন লগ্নি করা হয়েছে যা সাধারণ সরঞ্জাম এবং যন্ত্রপাতি এবং একটি ব্যক্তিগত যানবাহন এর থেকে অনেক বেশী।
4. এই মূলধন পন্যের মালিক, প্রকৃত লাভ নিজে ভোগ করে এবং ক্ষতি নিজে বহন করে।
5. নিয়মিতভাবে সাধারণ মানুষ অথবা ব্যবসায়িক সম্প্রদায়ের কাছে তাদের পরিষেবা উপলব্ধ করে।
6. একজন স্বাধীন ব্যবসায়ী হিসাবে ফেডেরাল আয়কর শিডিউলে প্রদান করা পরিষেবাগুলি এর অন্তর্গত।
7. প্রকৃত একটি নামের অধীনে এই পরিষেবাগুলি প্রদান করে।
8. প্রকৃত এই নামে প্রয়োজনীয় লাইসেন্স অথবা অনুমতিপত্র প্রাপ্ত করে এবং তার জন্য অর্থপ্রদান করে।
9. পরিষেবা প্রদান করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং যন্ত্রপাতি বানায়।
10. কনট্রাক্টরের অনুমোদন ছাড়া নিজের কর্মচারী নিজে নিয়োগ করে, কর্মচারীদের নিজে থেকে অর্থ প্রদান করে কনট্রাক্টর এর থেকে অর্থ পাওয়া ছাড়া এবং কর্মচারীদের আয় ইন্টারনাল রেভেন্যু সার্ভিসের কাছে রিপোর্ট করে।
11. অন্যদের জন্য একই ধরণের পরিষেবা প্রদান করার অধিকার রাখে যখন প্রয়োজন বা যখন পছন্দ করে তার ভিত্তিতে।
12. কনট্রাক্টর অবশ্যই এই অস্তিত্বকে অথবা তার কর্মচারীদের নিজের কর্মচারী হিসাবে নিজের গ্রাহকের কাছে পরিচয় দেন না।

একটি অস্তিত্বের একটি আলাদা ব্যবসায়িক অস্তিত্ব হিসাবে বিবেচিত হওয়ার জন্য অবশ্যই সমস্ত 12 টি নির্নায়ক শর্তাবলী সম্পূর্ণ করতে হবে।